



মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড
(এমজিএমসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর।
মার্কেটিং, সেলস্ এন্ড রেভিনিউ শাখা



২০২২-২৩ অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি	হাসান মাহমুদুল ইসলাম উপ-মহাব্যবস্থাপক (ভান্ডার)
সভার তারিখ	১৮ জানুয়ারী ২০২৩
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, এমজিএমসিএল প্রধান কার্যালয়, দিনাজপুর।
উপস্থিতি	...

মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল)-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ ও হালনাগাদকরণের লক্ষ্যে অফিস আদেশ নং-২৮.১৭.০০০০.৬২১.৪৯.০০২.২০.৩ তারিখ: ১০ জানুয়ারী ২০২৩ এর মাধ্যমে ২০২২-২৩ অর্থবছরের ৩য় ত্রৈমাসিকে পুনর্গঠিত কমিটির একটি সভা গত ১৮/০১/২০২৩ তারিখে এমজিএমসিএল-এর কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি ও কমিটির আহ্বায়ক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় এমজিএমসিএল-এর “সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩” এর বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়।

২। কমিটির সভাপতি সভাকে অবহিত করে যে, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধি, সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ এবং সেবা প্রদান সংক্রান্ত আইন, বিধি-বিধান বিষয়ে ২টি প্রশিক্ষণের আয়োজন লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। ২০২২-২৩ অর্থবছরের ১ম ত্রৈমাসিকে ১২ সেপ্টেম্বর ২০২২ তারিখে ২০ জন কর্মকর্তার সমন্বয়ে ১টি প্রশিক্ষণ অন লাইনে (জুম) আয়োজন করা হয়েছে। চলতি অর্থবছরে বর্ণিত কর্মসম্পাদন সূচকের বিপরীতে পূর্ণ লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ৩য় ত্রৈমাসিকে অর্থাৎ আগামি ফেব্রুয়ারী মাসে এমজিএমসিএল-এর ২৫ জন কর্মকর্তার সমন্বয়ে ১টি প্রশিক্ষণ এমজিএমসিএল-এর প্রধান কার্যালয়ে অফ লাইনে আয়োজন করা যেতে পারে।

৩। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করে যে, এমজিএমসিএল-এর “সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩” অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) হালনাগাদ করার লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। ইতোমধ্যে এমজিএমসিএল-এর বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট হতে তথ্য সংগ্রহপূর্বক সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) হালনাগাদকরণের একটি খসড়া সভায় উপস্থাপন করা হয়। খসড়া হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) চূড়ান্তকরণপূর্বক মার্চ ২০২৩ মাসের ২য় সপ্তাহে ব্যবস্থাপনা পরিচালক বরাবর দাখিল এবং এমজিএমসিএল-এর ওয়েব সাইটে আপলোডকরণের জন্য আইসিটি বিভাগে প্রেরণের বিষয়ে কমিটির সকল সদস্য একমত পোষন করেন।

৪। সভায় আলোচনা হয় যে, এমজিএমসিএল-এর “সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন

কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩” অনুযায়ী ২টি স্টেক হোল্ডার সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে চলতি অর্থবছরের ১ম ত্রৈমাসিকে ১টি স্টেক হোল্ডার সভার আয়োজন করা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরের পূর্ণ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ৩য় ত্রৈমাসিকে অর্থাৎ ফেব্রুয়ারী ২০২৩ মাসে ১টি স্টেক হোল্ডার সভার আয়োজন করা যেতে পারে।

৫। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) ২০২২-২৩ অর্থবছরে প্রশিক্ষণ সূচকের বিপরীতে পূর্ণ লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ৩য় ত্রৈমাসিকে অর্থাৎ আগামি ফেব্রুয়ারী ২০২৩ মাসের প্রথমার্ধে এমজিএমসিএল-এর ২৫ জন কর্মকর্তার সমন্বয়ে ১টি প্রশিক্ষণ এমজিএমসিএল-এর প্রধান কার্যালয়ে অফ লাইনে আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) সভায় কমিটি কর্তৃক ৩য় ত্রৈমাসিকে জন্য খসড়া হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) চূড়ান্তকরণপূর্বক মার্চ ২০২৩ মাসের ২য় সপ্তাহে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর দাখিল এবং এমজিএমসিএল-এর ওয়েব সাইটে আপলোডকরণের জন্য আইসিটি বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

গ) ২০২২-২৩ অর্থবছরের পূর্ণ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ৩য় ত্রৈমাসিকে অর্থাৎ ফেব্রুয়ারী ২০২৩ মাসের শেষার্ধে ১টি স্টেক হোল্ডার সভার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৭। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



হাসান মাহমুদুল ইসলাম
উপ-মহাব্যবস্থাপক (ভান্ডার)

স্মারক নম্বর: ২৮.১৭.০০০০.৬৩১.০৬.০০১.২৩.১২

তারিখ: ৮ মাঘ ১৪২৯

২২ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড
- ২) ব্যবস্থাপক (ক্রয়), ক্রয় শাখা, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড
- ৩) ব্যবস্থাপক (জিএ), সাধারণ প্রশাসন শাখা, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড
- ৪) উপ-ব্যবস্থাপক (ভান্ডার), ভান্ডার শাখা, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড



হাসান মাহমুদুল ইসলাম
উপ-মহাব্যবস্থাপক (ভান্ডার)